

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
রাজারহাট, কুড়িগ্রাম  
rajarhat.kurigram.gov.bd



স্মারক নং- ০৫.৪৭.৪৯৭৭.০০০.০২.০১৬.২১-৩ ১৭ (৫০)

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ  
৮ মার্চ ২০২১ খ্রিস্টাব্দ

বিষয় : জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস-২০২১ উদযাপন উপলক্ষে শিশু কিশোরদের চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণ।

আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ রোজ বুধবার জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস। এ উপলক্ষে উপজেলা প্রশাসন, রাজারহাট, কুড়িগ্রাম এর উদ্যোগে চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। আগামী ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে নিম্নোক্ত বিষয় ও বিভাগ ভিত্তিক চিত্রাঙ্কন ও রচনা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধান কর্তৃক শিক্ষার্থীদের নিকট হতে সংগ্রহপূর্বক নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১। চিত্রাঙ্কন প্রতিযোগিতা : চিত্রাঙ্কন প্রতিযোগিতায় যোগদানের যোগ্যতা, চিত্রাঙ্কনের বিষয় ও অন্যান্য প্রয়োজনীয় তথ্য নিয়ে দেয়া হলো :

ক্র: নং	বিভাগ	শ্রেণী	চিত্রাঙ্কনের বিষয়	মন্তব্য
০১	ক-বিভাগ	প্রাক প্রাথমিক – দ্বিতীয় শ্রেণী	জাতীয় পতাকা/শহিদ মিনার/স্মৃতিসৌধ	
০২	খ-বিভাগ	তৃতীয়-পঞ্চম শ্রেণী	বঙ্গবন্ধু ও বাংলাদেশ	

২। রচনা প্রতিযোগিতা :

ক্র: নং	বিভাগ	শ্রেণী	বিষয়	সর্বোচ্চ শব্দ
০১	ক-বিভাগ	৬ষ্ঠ থেকে ৭ম শ্রেণী	আমার চোখে বঙ্গবন্ধু	৪০০ থেকে ৫০০
০২	খ-বিভাগ	৮ম থেকে ১০ম শ্রেণী	বঙ্গবন্ধুর রাজনৈতিক জীবন ও আদর্শ	৫০০ থেকে ৬০০
০৩	গ-বিভাগ	একাদশ থেকে দ্বাদশ শ্রেণী	৭ই মার্চ ও মুক্তিযুদ্ধ	৬০০ থেকে ৮০০

অন্যান্য শর্তাবলী :

১) চিত্রাঙ্কন ও রচনা প্রতিযোগিতায় প্রতিটি বিভাগে সেরা ৩ (তিন) জনকে ১ম, ২য় ও ৩য় পুরস্কার আগামী ১৭ মার্চ ২০২১ তারিখ উপজেলা পরিষদ সভাকক্ষে সকাল ১০.০০ টার সময় প্রদান করা হবে।

২) চিত্রাঙ্কন ও রচনা উভয় ক্ষেত্রে প্রত্যেক অংশগ্রহণকারীকে স্পষ্ট অক্ষরে নিজের নাম, বাবা-মায়ের নাম, পূর্ণাঙ্গ বর্তমান ও স্থায়ী ঠিকানা, মোবাইল নম্বর (যদি থাকে) অবশ্যই লিখতে হবে। না লেখা হলে বাতিল বলে গণ্য হবে।

৩) আগামী ১৫ মার্চ ২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে চিত্রাঙ্কন ও রচনা পাঠাতে হবে।

৪) আগামী ১৬ মার্চ ২০২১ তারিখ [www.rajarhat.kurigram.gov.bd](http://www.rajarhat.kurigram.gov.bd) এই ওয়েবসাইটের নোটিশ মেন্যুতে ফলাফল প্রকাশ করা হবে। এছাড়াও অত্রফিসের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।

৫) উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে সকল শিক্ষার্থীকে বিষয়টি অবহিত করার জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তা/উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো।

নূরে তাসনিম  
উপজেলা নির্বাহী অফিসার  
রাজারহাট, কুড়িগ্রাম।  
ফোনঃ ০৫৮২৭-৫৬০০১  
মোবাইল : ০১৭০৯-৯৭৪৫০২

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

১। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, রাজারহাট, কুড়িগ্রাম।

৩।.....রাজারহাট, কুড়িগ্রাম।

৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, রাজারহাট, কুড়িগ্রাম। (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

৫। অফিস কপি।